



বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল

স্মারক নং - মুক্তি/সংসদ/৮৬৮৯/২২

তারিখ ০২/০৯/২০২২ ইং

বিষয় : বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, অস্ট্রেলিয়া ইউনিট কমান্ডের আহ্বায়ক কমিটি গঠন প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনার আবেদনের প্রেক্ষিতে কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের সভার সিদ্ধান্তের আলোকে আপনাকে অস্ট্রেলিয়া ইউনিট কমান্ডের আহ্বায়ক করে ১১ (এগার) সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি অনুমোদন দেয়া হল। কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের পক্ষ থেকে আপনাদেরকে অভিনন্দন জানাচ্ছি।

আশা করি আপনারা উপরোক্ত দায়িত্ব পালনে সঠিক নেতৃত্বের মাধ্যমে বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করবেন, তথা মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরবেন। অস্ট্রেলিয়া বসবাসরত সকল মুক্তিযোদ্ধাদের ঐক্যবদ্ধ করে মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়নে বলিষ্ঠ ভূমিকা পালন করবেন। মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র ও কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের দিক-নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করবেন।

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

মেজর জেনারেল (অবঃ) হেলাল মোর্শেদ খান, বীরবিক্রম
চেয়ারম্যান

কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ।

প্রাপক :

জনাব আবুল এইচ.এম. হেলালউদ্দিন
আহ্বায়ক
অস্ট্রেলিয়া ইউনিট কমান্ড
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ।

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। রাষ্ট্রদূত
বাংলাদেশ দূতাবাস
অস্ট্রেলিয়া।

মুক্তিযোদ্ধা সংসদ ভবন :

৩৯৩ নিউ ইন্সটন রোড, মগবাজার, ঢাকা-১২১৭, কেবল: যোদ্ধা, ফোন: ৮৩১৩৮৭০, ৯৩৪৮১৪৩, ৯৩৩০২১৭, ফ্যাক্স: ৯৩৪৮১৪৪